চুয়াডাঙ্গায় নাগরিক সুরক্ষায় সদর উপজেলা নির্বাহী অফিসারের খোলা চিঠি

চমৎকার চুয়াডাঙ্গার প্রত্যাশায় সকলকেই আইন মেনে চলার অনুরোধ জানিয়ে অতি সাম্প্রতিক তীব্র দাবদাহ এবং ঈদ উপলক্ষে সংশ্লিষ্ট সকলের জন্য নির্দেশনা দিয়ে খোলা চিঠি প্রদান করেছেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া।
খোলা চিঠিতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া বলেন ১. বিশেষ প্রয়োজন না হলে সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত বাসা থেকে বের না হওয়ার অনুরোধ রইল। ২. হিট স্ট্রোক রোধে প্রচুর পরিমাণ নিরাপদ পানি, ফলের ঠান্ডা রস খাওয়ার জন্য বলা হলো। (বিশেষত রোজাদার,শিশু, বয়স্কদের জন্য)
৩. কমিউনিটি ক্লিনিক গুলোতে খাবার স্যালাইন মজুত রয়েছে। প্রয়োজনবোধে কমিউনিটি ক্লিনিক এর সেবা নেয়া যেতে পারে।
৪. ভুট্টার জমিতে ময়লা / ভুট্টার অবশেষ না পোড়ানোর জন্য কঠোর ভাবে নির্দেশনা দেয়া হলো। ৫. সিগারেটের অবশিষ্টাংশ / কয়েল থেকে যেন আগুন না লাগে সে বিষয়ে সচেতন থাকতে হবে। ৬. মার্কেট/ বাজার গুলোতে নাইট গার্ড এর ব্যবস্থা / সিসিটিভি লাগানোর নির্দেশনা রইল। ফায়ার এক্সটিংগুসার ইন্সটল করতে হবে বাধ্যতামূলকভাবে। ৭. ঈদ উপলক্ষে বর্ধিত বাস/ গাড়ি ভাড়া না নেয়ার কঠোর ভাবে নির্দেশনা দেয়া হলো। ৮. মহাসড়কে আঁকাবাঁকা ভাবে মোটর সাইকেল চালানো সম্পুর্ণ ভাবে নিষেধ করা হলো। ৯.ঈদ উপলক্ষে ডিজে পার্টির নামে শব্দদূষণ করা যাবে না। ১০. ৯৯৯ এ ফোন করে অভিযোগ জানানো যাবে। এছাড়াও সদর থানায় অথবা উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে অভিযোগ দেয়া যাবে।

জীবননগরে দিনের বেলায় বাড়িতে ভয়াবহ অগ্নিকান্ড ২লক্ষ টাকার ক্ষতি

জীবননগরে দিনের বেলায় বাড়িতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। আজ রবিবার বিকাল ৪ টার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের প্রতাবপুর গ্রামের মৃত মোতালেব হোসেনের ছেলে বাবলু মন্ডলের বাড়িতে এ ঘটনা ঘটে এতে ২লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে।

প্রত্যক্ষদর্শী সুত্রে জানা গেছে, প্রতিদিনের ন্যায় আজ রবিবার বিকালে রান্না শেষে রান্না ঘর থেকে বেরিয়ে আসে বাবলু মন্ডলের স্ত্রী এ সময় হঠাৎ রান্না ঘরের চুলা থেকে আগুনের উৎপত্তি হয়। গোটা রান্না ঘর আগুনে পুড়ে যায় এক পর্যায় রান্না ঘরের পাশে থাকা খড়ির ঘর, বিচালী ঘরে আগুন ধরে ভয়াবহ রুপ ধারন করে।

এ সময় স্থানীয় লোকজন আগুন নিয়ন্ত্রনে আনার চেষ্ঠা করে। অবশেষে বড় ধরনের ক্ষয়ক্ষতি হওয়ার আগে জীবননগর ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনা স্থানে ছুটে এসে আগুন নিয়ন্ত্রনে আনে।

জীবননগরে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ উপহার বিতরণ

জীবননগরে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ উপহার পোশাক বিতরণ করা হয়েছে। আজ রবিবার বিকাল ৩টার সময় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির আয়োজনে উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে অসহায় দরিদ্র মানুষের মাঝে পাঞ্জাবী, শাড়ী ও ফতুয়া বিতরণ করা হয়।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি মিঠুনর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা

লোকমোর্চার সভাপতি এ্যাড. মোঃ বেলাল হোসেন ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, মনোহরপুর ইউনিয় পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার কর্মকর্তা মোঃ কামরুজ্জামান যুদ্ধ, ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আশরাফুল ইসলাম লিটন, রইচ উদ্দিন, মিরাজ হোসেন, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য লাবনী খাতুন, ঐশ্বর্য সাহা, ঐশী, মেহেদী হাসান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান।

চুয়াডাঙ্গায় হায়দার পুর যুবসমাজের উদ্যোগে ইফতার মাহফিল

চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের যুবসমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সন্ধা ছয়টার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের জামে মসজিদে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে পদ্মাবিলা ৫নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য মোঃ শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার।

ইফতার ও দোয়া মাহফিলে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা মাসুম আহমেদ, সৈকত আহমেদ, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, হায়দার পুর জামে মসজিদ কমিটির সভাপতি সরুপ মন্ডল, সহ-সভাপতি মইনুল হোসেন,যুবলীগ নেতা রুবেল, আমান, ফাহাদ, নয়ন, তাসফির, খোকন, আসিফ, আলি, হাসিবুল, জামান, ইসরাফিল, মামুন সহ

জীবননগরে জমে উঠছে ঈদের বাজার

ঈদের আর মাত্র ৪ দিন বাকি। এরই মধ্যে জীবননগর উপজেলার বিভিন্ন মার্কেট ও ফুটপাতে জমে উঠছে ঈদের কেনাকাটা। সকাল থেকে মধ্যরাত পর্যন্ত দেখা গেছে ক্রেতাদের আনাগোনা। বিপণিগুলোয় বাড়ছে ভিড়। তৈরি পোশাক কেনার পাশাপাশি নতুন পোশাক বানাতে আগেভাগেই পছন্দের কাপড় কিনছেন তরুণ-তরুণীরা।

বিক্রেতারা জানিয়েছেন, ঈদ যতই ঘনিয়ে আসছে, ক্রেতাদের ভিড় ততই বাড়ছে। তবে দেশে নিত্যপণ্যসহ সবকিছুর দাম বৃদ্ধির ফলে ক্রেতারা ঈদ বাজারে এসে একটু চিন্তা-ভাবনা করেই কেনাকাটা করছেন।

এবার ঈদুল ফিতরকে সামনে রেখে জমে উঠেছে পোশাকের বেচাকেনা। শপিংমলগুলোর পাশাপাশি ফুটপাতেও ক্রেতাদের ভিড় বেড়েছে। ক্রেতাদের উপস্থিতিতে জমজমাট হয়ে উঠেছে জীবননগর পৌর শহরের ঈদবাজার। ঈদ সামনে রেখে মাকের্টগুলোয় দেশি-বিদেশি নানা রঙের ও ডিজাইনের বাহারি পোশাক উঠেছে। উৎসবকে কেন্দ্র করে প্রতিবছরই যার যার সামর্থ্য অনুযায়ী নতুন পোশাক কেনে। প্রতিবারের মতো এবারও অনেকটা আগে থেকেই চলছে কেনাকাটার ধুম। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শপিং মল ও বিপণিবিতানে বাড়ছে ভিড়।

ক্রেতাদের এমন ভিড়ে খুশি ব্যবসায়ীরাও। তবে এবারের ঈদকে কেন্দ্র করে রোজার শুরু থেকে ক্রেতাদের মার্কেটগুলোয় ভিড় করতে দেখা গেছে। বিক্রেতারা বলছেন, অন্যান্যবারের মতো এবারের ঈদেও তরুণীসহ নারীদের প্রধান আকর্ষণ নতুন কালেকশন।

প্রতিদিন সকাল থেকে জীবননগর পৌর শহরের, মোল্লা মাকেট,তরফদার মাকেট,ইভা টাওয়ার,নুর টাওয়ার এলাকার বিভিন্ন মার্কেটগুলোয় ভিড় করছেন ক্রেতারা। ব্যবসায়ীরা বলছেন, করোনার কারণে গত দুই বছর তাদের লোকসান হয়েছে। তবে এবার রোজা শুরুর আগে থেকেই দোকানে ক্রেতার উপস্থিতি ভালো। প্রতিদিন বাড়ছে বেচাকেনা।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিজিএফএর চাউল বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে ভিজিএফএর চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় ইউনিয়নের ২৬১০ জন উপকারভূগীর মাঝে জন প্রতি ১০কেজি করে চাউল বিতরণ করা হয়।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামালসহ সকল ইউপি সদস্য, মহিলা ইউপি সদস্য, গ্রাম পুলিশ সহ উপকারভূগীরা উপস্থীত ছিলেন।

দর্শনায় ২২ টি স্বর্ণের বার সহ আটক; বাংলাকে রিমান্ড শেষে কারাকাগারে প্রেরণ

দর্শনায় ২২ টি স্বর্ণের বার সহ আটক বাংলার রিমান্ড শেষে কারাকাগারে প্রেরণ করা হয়েছে। গত শুক্রবার তার রিমান্ড শেষে কারাগারে প্রেরণ করা হয়েছে। তাকে মামলার আয়ু দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ চুয়াডাঙ্গা আদালতের মহামান্য বিচারকের নিকট ৫ দিনের রিমান্ডের আবেদন করেন।

আদালতের বিজ্ঞ আদালত তাকে ১ দিনের রিমান্ড মঞ্জুর করলে আসামী সাঈদ খান ওরফে বাংলাকে দর্শনা থানা পুলিশ থানা হেফাজতের কাষ্টরিতে রেখে ১ দিন জিজ্ঞাসাবাদ শেষে গত শুক্রবার চুয়াডাঙ্গা

জেলা কারাগারে প্রেরণ করেন। এ রিমান্ড মঞ্জুর করেন আদালতের বিজ্ঞ বিচারক মোছাঃ জহুরা খাতুন।

উল্লেখ্য, গত ৫ এপ্রিল বুধবার সকালের দিকে মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল মাসুদ পারভেজ রানা, এএফডব্লিউসি, পিএসসি, জি+ নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন একজন ব্যক্তি মোটরসাইকেল যোগে উথলী এলাকা হতে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে দর্শনার দিকে গমন করবে। অতঃপর অধিনায়কের নেতৃত্বে ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল উথলী এলাকায় এ্যাম্বুশ স্থাপন করে বসে থাকে।

এমন অবস্থায় পৌনে ১১ টার দিকে মোটরসাইকলে আরোহী উথলী অতিক্রম করে দর্শনার দিকে যেতে থাকার সময় এ্যাম্বুশ দল পিছু ধাওয়া করে দর্শনা রেল ক্রসিং এর পাশে ৪ কেজি ৪১৬ গ্রাম ওজনের স্বর্ণ (২২টি বার) এবং ১টি মোটরসাইকেল সহ সাঈদ খান (৪২) নামের একজনকে আটক করে। আটককৃত ব্যাক্তি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন দর্শনা মোবারকপাড়ার আব্দুর রাজ্জাক মন্ডলের ছেলে।

আটকৃত স্বর্ণের বারের মূল্য ৩ কোটি ৭৪ লক্ষ ৮৯ হাজার ১৩৪ টাকা। স্বর্ণের বার শুল্ক কর ফাকি দিয়ে ভারতে পাচারের জন্য পরিবহন করা ও নিজ জিম্মায় রাখায় অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করা হয়। আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা দায়ের এবং স্বর্ণের বার চুয়াডাংগা ট্রেজারী অফিসে জমা করা হয়েছে বলে ব্যাটালিয়নের সহকারী পরিচাল মোহাম্মদ সাইফুল ইসলাম এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদেরকে জানিয়েছেন।

জীবননগরে ১০টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয়

জীবননগরে ১০ টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয় । গতকাল শনিবার সকাল ১১টার সময় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির

আয়োজনে উপজেলার কে,ডি,কে ইউনিয়নের আবাসনে বসবাসরত সাধারন মানুষের মাঝে ১০টাকার বিনিময়ে ১ কেজি চাউল,১ কেজি আলু,৫০০গ্রাম চিনি ও ৫০০গ্রাম সেমাই বিক্রয় করা হয়।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি মিঠুনর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ মাহফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা,বিশিষ্ঠ ব্যবসায়ী মিকাইল ইসলাম পারুল কে,ডি,কে ইউপি সদস্য আব্বাস আলী,ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার কর্মকর্তা মোঃ কামরুজ্জামান যুদ্ধ,ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আশরাফুল ইসলাম লিটন,রইচ উদ্দিন,মিরাজ হোসেন,স্বপনা খাতুন, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান,লাবনী খাতুন ঐশী ,মেহেদী হাসান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান।

দর্শনায় ৮৯ ব্যাচের উদ্দ্যেগে ইফতার মাহফিল

দর্শনায় ৮৯ ব্যাচের উদ্দ্যেগে দর্শনা সরাকরী কলেজে এক ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে।

গত শুক্রবার সন্ধা ৬ টার দিকে দর্শনা সরকারী কলেজের একটি কক্ষে ৮৯ ব্যাচের উদ্দ্যেগে এ ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়। উক্ত দোয়া মাহফিলে দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা-শিক্ষক-কর্মচারী শিক্ষার্থীদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ইফতার মাহফিল অনুষ্টিত হয়।

এ ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন নব নির্বাচিত পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সাবেক উপধাক্ষ মোশারেফ হোসেন, বীর মুক্তিযোদ্ধা

এ্যাডভোকেট শহীদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, ৮৯ ব্যাচের সাধারন সম্পাদক আব্দুস আজাদ বিপু,কনিকা সিডের পরিচালক নুর আলম লিটন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, দর্শনা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি জাহিদুল ইসলাম, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন ও ৮৯ ব্যাচের সকল বন্ধুবর।

আলমডাঙ্গার ছোট-পুটিমারীর মাদকসম্রাট সামিম আটক

আলমডাঙ্গার ছোট-পুটিমারী গ্রামের মাদক সম্রাট শামিম খন্দকারকে আটক করেছে পুলিশ। গত ১৪ এপ্রিল শুক্রবার রাত সাড়ে ৯টায় ছোটপুটিমারী মাদ্রাসার নিকট ভূট্টা ক্ষেতের মধ্যে থেকে আটক করে। তার নিকট থেকে ২০ পিস ইয়াবা ও ৪০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করেছে।

এলাকাসূত্রে জানাযায়, উপজেলার জেহালা ইউনিয়ন মানেই মাদকের অভায়রণ্য। বিভিন্ন গ্রামে সহজেই মিলতো চোলাই মদ, গাঁজা, ইয়াবাসহ ট্যাপেন্ডাডল ট্যাবলেট। বর্তমান আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথের উদ্যোগে ওই ইউনিয়ন জুড়ে চলমান মাদক বিরোধী অভিযান পরিচালনা করছে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশ। অনেকটা স্বাভাবিক হয়ে উঠেছে জেহালা ইউনিয়ন। মাদক সেবনকারীরাও স্বাভাবিক জিবনে ফিরতে শুরু করেছে। তবে ছোট-পুটিমারী গ্রামের মৃত খন্দকার আবু সাইদের ছেলে সামিম খন্দকার গোপনে রমরমা ইয়াবা ও ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রয় করে আসছে। পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়েও সে থাকে ধরা ছোয়ার বাইরে।

গত শুক্রবার রাতে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের নিকট সামিমের বিরুদ্ধে গোপনে মাদক বিক্রয়ের তথ্য আসে। সংবাদ পেয়ে আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথের নির্দেশে রাত সাড়ে ৯টার দিকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে মুন্সিগঞ্জ ফাঁড়ির আইসি এসআই তাপস কুমার ও

এএসআই শিপন মিয়া। ছোট-পুটিমারী গ্রামের মাদ্রাসা সংলগ্ন ভুট্টা ক্ষেতে রাস্তার উপর থেকে তাকে আটক করে। তার শরীর তল্লাশী করে ২০ পিস ইয়াবা ও ৪০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ। গতকাল শনিবার সকালে সামিমের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

উল্লেখ্য, মুন্সিগঞ্জ এলাকার মাদক সম্রাট সামিমের বিরুদ্ধে আলমডাঙ্গা থানাসহ বিভিন্ন থানায় এক ডজন মাদক মামলা রয়েছে। তিনি ইতিপূর্বে বিভিন্ন মাদক মামলায় কারাভোগ করেছে।